দৈনিক সংবাদ

তারিখ AUG. 27 1999
পৃষ্ঠা ১ কলাম ২

# এইচএসসি পরীক্ষার ফল প্রকাশ

## ❑ পাসের হার ঃ সব বোর্ড মিলে ৫৩.৩৯ ❑ ঢাকা বোর্ডে ৫২.২০, চট্টগ্রাম বোর্ডে ৬৮.৯৩, রাজশাহী বোর্ডে ৬১.৮৯, কুমিল্লা বোর্ডে ৪৫.৪৬, যশোর বোর্ডে ৪২.৭৩%

**নিজস্ব বার্তা পরিবেশক** ॥ গতকাল বৃহস্পতিবার দেশের ৫টি শিক্ষা বোর্ডের ১৯৯৯ সালের উচ্চ মাধ্যমিক (এইচএসসি) পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে। ৫টি বোর্ডে পরীক্ষার্থী ছিল মোট ৫ লাখ ৪৪ হাজার ২শ' ৯১ জন। এদের মধ্যে পাস করেছে ২ লাখ ৯০ হাজার ৬শ' ২৭ জন। পাসের হার ৫৩.৩৯ ভাগ। সব বোর্ডে সব বিষয়ের মধ্যে সবচেয়ে বেশি নম্বর পেয়েছে বরিশাল ক্যাডেট কলেজের আবদুল্লাহ আল রেজা। তার প্রাপ্ত নম্বর ৯৭১। সে সব বোর্ডে বিজ্ঞান বিভাগেও সবচেয়ে বেশি নম্বর পেয়েছে। সব বোর্ডের মানবিক বিভাগে সবচেয়ে বেশি নম্বর পেয়েছে ঢাকা বোর্ডের ডি কে আইডিয়াল সাঈদ আতাহার আলী একাডেমির ছাত্র রাসেল জমাদার। সে পেয়েছে ৯৩৩ নম্বর।

বাণিজ্য বিভাগে সবচেয়ে বেশি নম্বর পেয়েছে ঢাকা বোর্ডের ঢাকা সিটি কলেজের ছাত্র মোঃ ওয়াসিম রেজা। তার প্রাপ্ত নম্বর ৮৬২।

এবার এইচএসসি পরীক্ষায় বোর্ডওয়ারী পাসের হার হলো— ঢাকা বোর্ডে ৫২ দশমিক ২০, চট্টগ্রাম বোর্ডে ৬৮ দশমিক ৯৩, রাজশাহী বোর্ডে ৬১ দশমিক ৮৯, কুমিল্লা বোর্ডে ৪৫ দশমিক ৪৬ এবং যশোর বোর্ডে ৪২ দশমিক ৭৩।

ঢাকা বোর্ডে মোট পরীক্ষার্থী ছিল ১ লাখ ৬৬ হাজার ৫শ' ৭২ জন। এর মধ্যে পাস করেছে ৮৬ হাজার ৯শ' ৫৫ জন। কৃতকার্যদের মধ্যে ১ম বিভাগ পেয়েছে ২৪ হাজার ২শ' ৫৭ জন, ২য় বিভাগ পেয়েছে ৪৯ হাজার ৫শ' ৪ জন এবং ৩য় বিভাগে পাস করেছে ৮ হাজার ৭শ' ২৬ জন। ঢাকা বোর্ডে ১ লাখ ৬শ' ৬২ জন ছাত্র এবং ৬৫ হাজার ৯শ' ১০ জন ছাত্রী পরীক্ষা দিয়ে ৯৮ হাজার ৫শ' ৪৭ জন ছাত্র এবং ৬৪ হাজার ৮শ' ৭০ জন ছাত্রী পাস করেছে।

চট্টগ্রাম বোর্ডে পরীক্ষা দিয়েছে ৪৪ হাজার ৬শ' ৮৫ জন, পাস করেছে ৩০ হাজার ৮শ' জন। এর মধ্যে ১ম বিভাগে ৪ হাজার ৮শ' ১৪ জন, ২য় বিভাগে ২১ হাজার ৫শ' ৩৭ জন এবং ৩য় বিভাগে ৩ হাজার ৮শ' ৮ জন পাস করেছে। চট্টগ্রাম বোর্ডে ২৬ হাজার ৭শ' ৩৩ জন ছাত্র এবং ১৭ হাজার ৯শ' ৫২ জন ছাত্রী পরীক্ষায় অংশ নিয়ে পাস করেছে ১৮ হাজার ১শ' ৭৬ জন ছাত্র এবং ১২ হাজার ৬শ' ২৪ জন ছাত্রী।

রাজশাহী বোর্ডে পরীক্ষা দিয়েছে১ লাখ ৪৬ হাজার ৯শ' ৩৪ জন পাস করেছে ৯০ হাজার ৯শ' ৫৩ জন। আর ১ম বিভাগে ২০ হাজার ৫শ' ৩৩ জন, ২য় বিভাগে ৫৭ হাজার ৬শ' ৯৪ জন এবং ৩য় বিভাগে পাস করেছে ৮ হাজার ৯শ' ৯০ জন। রাজশাহী বোর্ডে ৯৬ হাজার ৫শ' ৮২ জন ছাত্র পরীক্ষা দিয়েছে পাস করেছে ৫৭ হাজার ৩শ' ৮৮ জন। ছাত্রী পরীক্ষা দিয়েছে ৫০ হাজার ৩শ' ৭২ জন, পাস করেছে ৩৩ হাজার ৫শ' ৬৫ জন। ফল ঃ পৃঃ ১১ কঃ ৮

সংবাদ/বিজ্ঞপ্তি।

### ফল ঃ এইচএসসির

( ১ম পৃষ্ঠার পর )

কুমিল্লা বোর্ডে মোট পরীক্ষার্থী ছিল ৮৮ হাজার ২শ' ১৩ জন। পাস করেছে ৪০ হাজার ১শ' ২ জন। কৃতকার্যদের মধ্যে ১ম বিভাগ পেয়েছে ৭ হাজার ১০৭ জন, ২য় বিভাগ পেয়েছে ২৬ হাজার ৫শ' ৩০ জন এবং ৩য় বিভাগে উত্তীর্ণ হয়েছে ৪ হাজার ৪শ' ২৮ জন। কুমিল্লা বোর্ডে ছাত্র পরীক্ষা দিয়েছে ৫৩ হাজার ৯শ' ৯২ জন; পাস করেছে ২৩ হাজার ৮শ' ৯১ জন। ছাত্রী পরীক্ষার্থী ছিল ৩৪ হাজার ২শ' ২১ জন; পাস করেছে ১৬ হাজার ২শ১ ১১ জন।

যশোর বোর্ডের মোট ৯৭ হাজার ৮শ' ৬৭ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৪১ হাজার ৮শ' ১৭ জন। এদের মধ্যে ১ম বিভাগে ১১ হাজার ৯শ' ৬৩ জন, ২য় বিভাগে ২৪ হাজার ৬শ' ৮৯ জন এবং ৩য় বিভাগে উত্তীর্ণ হয়েছে ৩ হাজার ১শ' ৬৫ জন। এই বোর্ডে ৬১ হাজার ৯শ' ২৮ জন ছাত্র পরীক্ষা দিয়ে ২৫ হাজার ৩শ' ১৬ জন পাস করেছে আর ছাত্রী পরীক্ষা দিয়েছে ৩৫ হাজার ৯শ' ৩৯ জন। পাস করেছে ১৬ হাজার ৫শ' ১ জন।

এবছর সবচেয়ে বেশি ১ লাখ ৬৬ হাজার ৫শ' ৭২ জন পরীক্ষা দিয়েছে ঢাকা বোর্ড থেকে। আর সবচেয়ে কম ৪৪ হাজার ৬শ' ৮৫ জন পরীক্ষার্থী ছিল চট্টগ্রাম বোর্ডে।

এবার সবচেয়ে কম পরীক্ষার্থী পরীক্ষা দিয়ে সবচেয়ে বেশি সংখ্যক পাস করেছে চট্টগ্রাম বোর্ডে পাসের হার ৬৮ দশমিক ৯৩ শতাংশ। আর সবচেয়ে কম সংখ্যক পাস করেছে যশোর বোর্ড থেকে- পাসের হার ৪২ দশমিক ৭৩ শতাংশ।